রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৬ সনের ১১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১৭, ২০১৬

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৯৩—২০০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৩১—২৫৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৩৭—৩৫১ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**বাজেট অনুবিভাগ-১**
**বাজেট শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৩ ডিসেম্বর ২০১৫/১৯ অগ্রহায়ণ ১৪২২

**নং ০৭.০০.০০০০.১০২.০০৬.০০৬.২০১৫-৮৪২**—সরকারের রাজস্ব ও ব্যয় (এডিপিসহ), ববিঃঅর্থায়ন নন-ব্যাংক অভ্যন্তরীণ অর্থায়ন, সরকার কর্তৃক সার্ভিসযোগ্য দেনা প্রভৃতি ক্ষেত্রে মাসিক ভিত্তিতে অধিকতর নির্ভরযোগ্য তথ্য প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে বিগত ২৫-১১-২০০১ তারিখে অম/অবি/বাউ-১/বিবিধ(৪০)/২০০১/১৫২৭ নং প্রজ্ঞাপনমূলে গঠিত টাক্সফোর্স নিম্নরূপভাবে নির্দেশক্রমে পুনর্গঠন করা হলঃ

**সরকারের আর্থিক তথ্য প্রবাহের মান-উন্নয়ন সংক্রান্ত পুনর্গঠিত টাক্সফোর্স**

**আহ্বায়ক**

(১) অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ), অর্থ বিভাগ

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ

(৩) অতিরিক্ত সচিব, বৈদেশিক সাহায্যের বাজেট ও হিসাব (ফাবা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

(৪) মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর

(৫) মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ

(৬) যুগ্ম-সচিব (বাজেট-১), অর্থ বিভাগ

(৭) মহাব্যবস্থাপক, মুদ্রা ব্যবস্থাপনা ও হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

(৮) জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি (কমিশনার পর্যায়ের নিম্নে নহে)।

(৯) পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের প্রতিনিধি (যুগ্ম-প্রধানের নিম্নে নহে)।

(১০) অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি), সিজিএ কার্যলয়

(১১) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**সদস্য-সচিব**

(১২) সিনিয়র সহকারী সচিব (বাজেট শাখা-২), অর্থ বিভাগ

**২। টাস্কফোর্সের কার্যপরিধি ও দায়িত্বাবলী নিম্নরূপ ঃ**

(ক) সরকারের রাজস্ব ও ব্যয় (এডিপিসহ), বহিঃঅর্থায়ন, নন-ব্যাংক অভ্যন্তরীণ অর্থায়ন, সরকার কর্তৃক সার্ভিসযোগ্য দেনা প্রভৃতি ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল এজেন্সি/সংস্থা/দপ্তর কর্তৃক মাসিক ভিত্তিতে তথ্য সংগ্রহ/প্রকাশ নিশ্চিত করা;

(খ) উক্তরূপে সংগৃহীত/দাখিলকৃত তথ্য-উপাত্ত পর্যালোচনা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে বিভিন্ন উৎস হতে প্রাপ্ত তথ্যের মধ্যে সংগতি বিধান করা; এবং

(গ) সরকারের আর্থিক তথ্য-উপাত্ত সংগ্রহ/প্রকাশের ক্ষেত্রে মান-উন্নয়নের জন্য সুপারিশ পেশ করা।

৩। টাস্কফোর্স মাসে অন্ততঃ একটি সভায় মিলত হবে।

৪। অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১ এর বাজেট শাখা-২ টাস্কফোর্সকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সাইদুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২২/৭ ডিসেম্বর ২০১৫

**নং ২৩.০০.০০০০.০৯০.২৮.০১.০৮(অংশ-১)৬৮৭**—নির্দেশিত হয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের বিদ্যমান সাংগঠনিক কাঠামোর বিভিন্ন পদবীর ১২৩টি পদ থেকে উপসহকারী সামরিক ভূ-সম্পত্তি প্রশাসকের ০৩টি পদ, ০৪টি ডুপ্লিকেটিং মেশিন বিলুপ্তপূর্বক ০৩টি যানবাহন এবং ০৯টি কম্পিউটার সংবলিত সাংগঠনিক কাঠামো পরিবর্তনে এবং মহাপরিচালকের পদসহ রাজস্ব খাতে ৪৬টি পদ অস্থায়ী ভিত্তিতে সৃজনে নিম্নেলিখিত শর্তসাপেক্ষে সম্মতি প্রদান করা হলো:

| ক্রমিক নম্বর | পদের নাম | বিদ্যমান পদের সংখ্যা | সম্মতিকৃত পদের সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) | মহাপরিচালক | - | ০১টি |
| (২) | পরিচালক | ০১টি | ০১টি |
| (৩) | উপপরিচালক | ০১টি | ০১টি |
| (৪) | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক (এমইও) | ০৩টি | - |
| (৫) | ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার | ১৫টি | ০৪টি |
| (৬) | সহকারী পরিচালক | ০৩টি | ০১টি |
| (৭) | সহকারী সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক (এএমইও) | - | ০৩টি |
| (৮) | সহকারী প্রকৌশলী (সিভিল) | - | ০১টি |
| (৯) | সহকারী প্রোগ্রামার | - | ০১টি |
| (১০) | উপসহকারী সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক (ডিএএমআইও) | ০৩টি | বিলুপ্ত |
| (১১) | সাব-ডিভিশনাল অফিসার (এসডিও) | ০৭টি | ০২টি |
| (১২) | প্রশাসনিক কর্মকর্তা | ০১টি | - |
| (১৩) | উপসহকারী পরিচালক(ভূমি) | ০১টি | - |
| (১৪) | শিক্ষা অফিসার | ০১টি | - |
| (১৫) | আইন কর্মকর্তা | - | ০১টি |
| (১৬) | উপ সহকারী প্রকৌশলী (সিভিল) | - | ০১টি |
| (১৭) | হিসাবরক্ষণ কর্মকর্তা | - | ০১টি |
| (১৮) | হিসাব রক্ষক | ০৪টি | - |
| (১৯) | ক্যাশিয়ার | ০৩টি | ০১টি |
| (২০) | সার্ভেয়ার ড্রাফটসম্যান | ০৫টি | ০২টি |
| (২১) | সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (স্টেনোগ্রাফার) | ০১টি | - |
| (২২) | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (স্টেনোটাইপিস্ট) | ০৪টি | - |
| (২৩) | উচ্চমান সহকারী | ০৬টি | - |
| (২৪) | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ১২টি | ০৬টি |
| (২৫) | এমই ওভারশিয়ার | ০৩টি | - |
| (২৬) | রেকর্ড কিপার | ০৪টি | - |
| (২৭) | গাড়ি চালক | ০৪টি | ০৩টি |
| (২৮) | চেইনম্যান | - | ০৭টি |
| (২৯) | ব্লু-প্রিন্টার | ০৩টি | - |
| (৩০) | অফিস সহায়ক/চৌকিদার/মালি | ৩৪টি | ০৮টি |
| (৩১) | পরিচ্ছন্নতাকর্মী | ০৪টি | ০১টি |
| | সর্বমোট | ১২৩টি | ৪৬টি |

**যানবাহন**

| ক্রমিক নম্বর | যানবাহনের নাম | বিদ্যমান যানবাহনের সংখ্যা | সম্মতিকৃত যানবাহনের সংখ্যা |
|---|---|---|---|
| (১) | কার | ০১টি | ০১টি |
| (২) | জীপ | ০৩টি | ০১টি |
| (৩) | মাইক্রোবাস | - | ০১টি |
| | সর্বমোট | ০৪টি | ০৩টি |

**অফিস সরঞ্জাম:**

| ক্রমিক নম্বর | সরঞ্জামাদির নাম | বিদ্যমান সরঞ্জামাদির সংখ্যা | সম্মতিকৃত সরঞ্জামাদির সংখ্যা |
|---|---|---|---|
| (১) | ফটোকপিয়ার | ০৪টি | .. |
| (২) | ডুপ্লিকেটিং মেশিন | ০৪টি | বিলুপ্ত |
| (৩) | কম্পিউটার | ১৪টি | ০৯টি |
| | সর্বমোট= | ২২টি | ০৯টি |

**২। শর্তাবলী:**

(ক) জারির তারিখ থেকে এ আদেশ কার্যকর হবে;

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-১২ শাখা এর ২৪ মে ২০১২ তারিখের পত্রে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করতে হবে;

(গ) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ শাখা-১ এর ৬ মে ২০১৩ তারিখের পত্র;

(ঘ) অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ (বাস্তবায়ন শাখা-১)-এর ৯ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের পত্রে সুপারিশকৃত বেতন স্কেল এবং ৫ নম্বর কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতা অনুমোদিত নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্তকরণ পূর্বক অন্যান্য শর্তাবলী অনুসরণ করতে হবে;

(ঙ) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সংশ্লিষ্ট সিদ্ধান্তের ১৮ আগস্ট ২০১৪ তারিখের পত্রের মতামত ও শর্তসমূহ অনুসরণ করতে হবে ;

(চ) প্রযোজ্য ক্ষেত্রে সরকারের অন্যান্য বিধি-বিধান অনুসরণ করতে হবে।

৩। (ক) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির স্মারক নং ৪.০০.০০০০.২১১.০৬.০২১.১৪.৩৩৬, তারিখ ১৮ আগস্ট ২০১৪ এর সুপারিশ;

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.০০.০০০০. ১৬১.২৮.১০১.৮৯-২৮৯, তারিখ ২৪ মে ২০১২

(গ) অর্থ মন্ত্রণালয়, ব্যয় নিয়ন্ত্রণ শাখা-১ এর স্মারক নং ০৭.১৫১.০২৬.০০.৩৪.২০১২/১২১, তারিখ ৬ মে ২০১৩;

(ঘ) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন শাখা-১ এর স্মারক নং ০৭.০০.০০০০. ১৬১.৪৪.০০৫.১৩-২৬, তারিখ ০৯ ফেব্রুয়ারি ২০১৪ এর পত্রের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।

**ফারাহ শাম্মী**
উপসচিব।

---

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**
**পরিকল্পনা মন্ত্রণালয়**
**প্রশাসন-০৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২২/০৭ ডিসেম্বর ২০১৫

**নং ৫২.০০৭.০২৭.০০.০২.০৪৮.১৯৮৮-২৩২**—যেহেতু বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ এন্ড এমআইএস এর সহকারী কার্টোগ্রাফার (জিআইএস প্রকল্পে সংযুক্ত) জনাব মোঃ সাইফুল হক ২১-১-২০১৫ তারিখে ডিবি পুলিশ কর্তৃক গ্রেফতার হন;

২। যেহেতু বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ১৯-৪-২১৫ তারিখের ১৩৫১ সংখ্যক পত্রে জনাব মোঃ সাইফুল হক এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে পত্র দেওয়া হয়;

৩। যেহেতু, জনাব মোঃ সাইফুল হক এর বিরুদ্ধে ফৌজদারি মামলা চালু হয়েছে কিনা এবং সে সংক্রান্ত তথ্য প্রমাণাদি প্রেরণের জন্য মহাপরিচালক, বিবিএস কে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, প্রশাসন-৩ অধিশাখার ২১ এপ্রিল, ২০১৫ তারিখের ৮১ সংখ্যক পত্র প্রদান করা হয়;

৪। যেহেতু বাংলাদেশ পরিসংখ্যন ব্যুরোর নং-৩৩২৪ তারিখ ০৬-১০-২০১৫ পত্রের সাথে সংযুক্ত করে জনাব মোঃ সাইফুল হক, সহকারী কার্টোগ্রাফার ২১-১-২০১৫ তারিখে পুলিশ কর্তৃক গ্রেফতার এবং ১৯৭৪ সনের বিশেষ ক্ষমতা আইনে তার বিরুদ্ধে মামলা দায়ের করাসহ অন্যান্য তথ্য প্রমাণাদি দাখিল করা হয় এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নং-৩৯৩২ তারিখ ২৩-১১-২০১৫ পত্রে বিএসআর পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ মোতাবেক তিনি চাকুরীতে বরখাস্ত হয়েছেন বলে বিবেচিত হওয়ায় জনাব মোঃ সাইফুল হক, সহকারী কার্টোগ্রাফারকে ভূতাপেক্ষভাবে তার গ্রেফতারের তারিখ অর্থাৎ ২১-১-২০১৫ হতে সামরিক বরখাস্তের আদেশ জারীর সুপারিশ করা হয়;

৫। এক্ষণে সেহেতু উক্ত জনাব মোঃ সাইফুল হক, সহকারী কার্টোগ্রাফার কে ২১-১-২০১৫ তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকুরী হতে সাময়িক বরখাস্ত (Suspend) করা হলো।

৬। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরপোষ/প্রযোজ্য ভাতাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**কানিজ ফাতেমা** এনডিসি
সচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৫**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২২/৩০ নভেম্বর ২০১৫

**নং ২৫.০১৮.০৫.০২.০০.০১৯.২০১৩-৪০২**—যেহেতু, জনাব মোঃ জাকির হোসেন চৌধুরী, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) দিনাজপুর গণপূর্ত উপ বিভাগে কর্মরত অবস্থায় ২৩-০৮-২০১২ তারিখে ২৬-০৮-২০১২ তারিখ হতে ৩০-০৮-২০১২ তারিখ পর্যন্ত ৫ (পাঁচ) দিনের নৈমিত্তক ছুটির আবেদন করে কর্মস্থল ত্যাগ করেন। কর্মস্থলে যোগদান না করে তিনি পুনরায় -৩০-০৮-২০১২ তারিখে চিকিৎসাজনিত কারণ উল্লেখপূর্বক আরও (চার) সপ্তাহ ছুটি বৃদ্ধির আবেদন করে কর্মস্থলে অনুপস্থিত থাকেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে ২৬-০৮-২০১২ তারিখ হতে ক্রমাগত কর্মস্থলে অনুপস্থিত থাকায় গণপূর্ত অধিদপ্তর হতে ২৬-১১-২০১২ তারিখ কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর জবাব প্রদান না করায় ১১-০৬-২০১৩ তারিখ পুনরায় কারণ দর্শানো হয় কিন্তু তিনি তারও কোন জবাব প্রদান করেননি। ফলে গণপূর্ত অধিদপ্তর হতে ০২-০৯-২০১৩ তারিখ বিভাগীয় মামলা রুজুর সুপারিশের আলোকে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" (Misconduct) ও "বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ" (Desertion) এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের ০৪-১১-২০১৩ তারিখের ২৫.০১৮.০০৫.০২.০০.০১৯.২০১৩-৩৯৭ নং স্মারকে অভিযুক্ত কর্মকর্তাকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ পূর্বক কারণ দর্শানো হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর কোনো জবাব প্রদান করেননি। ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের লক্ষ্যে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনাব জিল্লুর রহিম শাহরিয়ার, উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" (Misconduct)ও "বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ" (Desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, বিভাগীয় মামলার নথি, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি (৩) এর (ডি) অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from Service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে একই বিধিমালার বিধি ৭ এর উপবিধি (৬) অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তাকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে ১৭-০৯-২০১৪ তারিখে ২৫.০১৮.০৫.০০.০১৯.২০১৩-২৩৮ নং স্মারকে দ্বিতীয়বার কারণ দর্শানো হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানোর জবাব দাখিল করেননি, তাই তাঁর বিরুদ্ধে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from Service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ এর উপবিধি (৭) মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব জাকির হোসেন চৌধুরীকে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from Service) গুরুদণ্ড আরোপের প্রস্তাবের সাথে একমত পোষণ করে;

সেহেতু, জনাব জাকির হোসেন চৌধুরী, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) দিনাজপুর গণপূর্ত উপ বিভাগকে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" (Misconduct) ও "বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ" (Desertion) এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো এবং একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি (৩) এর (ডি) অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from Service) করা হলো।

এ আদেশ জনাব জাকির হোসেন চৌধুরী এর বিনা অনুমতিতে অনুপস্থিতির তারিখ ২৬-০৮-২০১২ হতে কার্যকর হবে।

**নং ২৫.০১৮.০০৫.০০২.০০.০২৫.২০১৩-৪০৪**—যেহেতু, জনাব মোঃ জসিম সিকদার, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ১৪-১০-২০১২ তারিখে ব্রাহ্মণবাড়ীয়া গণপূর্ত বিভাগে যোগদান করেন। অভিযুক্ত কর্মকর্তাকে ০৫-১১-২০১২ তারিখে ব্রাহ্মণবাড়ীয়া গণপূর্ত উপ বিভাগ-২ এর শাখা-৩ এর শূন্য পদে পদায়ন করা হলে তিনি নির্দিষ্ট সময়ে দায়িত্বভার গ্রহণ করেননি এবং ১৮-১১-২০১২ তারিখ তাঁকে প্রশিক্ষণে অংশগ্রহণের নির্দেশ দেয়া হলে তিনি প্রশিক্ষণে অংশগ্রহণ না করে ০৯-১২-২০১২ তারিখ হতে ১৩-১২-২০১২ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিত থাকেন। ব্রাহ্মণবাড়ীয়া গণপূর্ত বিভাগ হতে তাঁকে ১০-১২-২০১২ তারিখে কারণ দর্শানো হলে তিনি মায়ের অসুস্থতার কথা উল্লেখ করে জবাব দাখিল করেন। অভিযুক্ত কর্মকর্তা পুনরায় কর্মস্থলে অনুপস্থিত থাকায় গণপূর্ত অধিদপ্তর হতে ১৩-০৩-২০১৩ তারিখে কারণ দর্শানোপূর্বক কর্মস্থলে যোগদানের নির্দেশ দেয়া হয়। তিনি কারণ দর্শানোর কোনো জবাব দাখিল করেননি। ফলে গণপূর্ত অধিদপ্তর হতে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে ১০-১২-২০১৩ তারিখ বিভাগীয় মামলার সুপারিশের আলোকে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২০-০৪-২০১৪ তারিখের গৃগম/শাখা-৫/৫সি-২০/২০১০-৬৩ নং স্মারকে অভিযুক্ত কর্মকর্তাকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক কারণ দর্শানো হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর কোনো জবাব প্রদান করেননি। ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের লক্ষ্যে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনাব মোঃ ইমরুল চৌধুরী, যুগ্ম সচিবকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর (বি) উপবিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, তদন্ত প্রতিবেদন বিভাগীয় মামলার নথি, ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র পর্যালোচনান্তে জনাব মোঃ জসিম সিকদার, এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি (৩) এর (ডি) অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from Service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে উক্ত বিধিমালার বিধি ৭ এর উপবিধি (৬) অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তাকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ১৪-০৭-২০১৫ তারিখের স্মারক নং ২৫.০১৮.০০৫.০২.০০.২৫.২০১৩-২৪৮ মোতাবেক দ্বিতীয়বার কারণ দর্শানো হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানোর জবাব দাখিল করেননি, তাই তাঁর বিরুদ্ধে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from Service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ এর উপবিধি (৭) মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের নিকট মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ জসিম সিকদারকে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from Service) দণ্ড আরোপের প্রস্তাবের সাথে একমত পোষণ করে;

সেহেতু, জনাব মোঃ জসিম সিকদারকে, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর (বি) উপবিধি মোতাবেক "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো এবং একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি (৩) এর (ডি) অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from Service) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্**
সচিব।

---

**[একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত]**
**প্রশাসন শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২২/২৬ নভেম্বর ২০১৫

**নং ২৫.০০.০০০০.০১৯.০১.০৫.২০১৪-৭৭৭**—সরকার "বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪" এর বিধি-১৮ অনুযায়ী উক্ত বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে গঠিত কমিটি নিম্নোক্তভাবে পূর্ণগঠন করলেন ঃ

**চেয়ারম্যান**

১। মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

৩। সচিব/প্রতিনিধি, পরিবেশ ও বন মন্ত্রণালয়

৪। সচিব/প্রতিনিধি, ভূমি মন্ত্রণালয়

৫। সচিব/প্রতিনিধি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

৬। অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

৭। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর

৮। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

৯। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

১০। মহাপরিচালক, পানি উন্নয়ন বোর্ড

১১। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা

১২। সদস্য (পরিকল্পনা), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

১৩। যুগ্ম সচিব (প্রশাসন), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

১৪। জেলা প্রশাসক, ঢাকা

**সদস্য-সচিব**

১৫। প্রধান নগর পরিকল্পনাবিদ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

**২। কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ**

(ক) কমিটির বিবেচনার জন্য উপস্থাপিত বেসরকারি আবাসিক প্রকল্প ও ভূমি উন্নয়ন প্রকল্পসমূহ পরীক্ষান্তে চূড়ান্ত অনুমোদন প্রদান;

(খ) সরকার কর্তৃক সময় অর্পিত বেসরকারি আবাসিক প্রকল্প ও ভূমি উন্নয়ন সংক্রান্ত অন্যান্য নির্দেশ পালন।

৩। ১৮-০৫-২০০৪ তারিখের প্রশা-৬/রাজ-৩৬/২০০২/১৯৭ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

৪। এই আদেশ জনস্বার্থে অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শ্যামলী নবী**
সিনিয়র সহকারী সচিব।

---

**নৌ-পরিবহন মন্ত্রণালয়**
**বাস্তবক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪২২/১৮ নভেম্বর ২০১৫

নং **১৮.০১৭.০০৯.০০.১৫.০০১.২০১৪-৪৮৭**—বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের অধীনস্থ BOT ভিত্তিতে পরিচালিত সোনামসজিদ স্থলবন্দরের বিরাজমান সমস্যাদি চিহ্নিত করণ ও উহা সমাধানের বিষয়ে সুপারিশ প্রদানের জন্য নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক গত ৩০ জুন ২০১৪ তারিখে ১৮.০১৭.০০৯.০০.১৫.০০১. ২০১৪-১২৭ স্মারকের জারীকৃত প্রজ্ঞাপন সংশোধনপূর্বক নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হলো:

**উপদেষ্টাবৃন্দ**

১। মাননীয় সংসদ সদস্য, চাঁপাইনবাবগঞ্জ-১, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

২। মাননীয় সংসদ সদস্য, চাঁপাইনবাবগঞ্জ-২, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

৩। মাননীয় সংসদ সদস্য, চাঁপাইনবাবগঞ্জ-৩, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

**আহ্বায়ক**

৪। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।

**সদস্যবৃন্দ**

৫। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।

৬। সিও, ৯ম ব্যাটালিয়ন, বর্ডার গার্ড বাংলাদেশ, চাঁপাইনবাবগঞ্জ।

৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিবগঞ্জ থানা, চাঁপাইনবাবগঞ্জ।

৯। সহকারী কমিশনার, কাস্টম, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চাঁপাইনবাবগঞ্জ।

১০। সভাপতি, সিএন্ডএফ এজেন্টেস এসোসিয়েশন, চাঁপাইনবাবগঞ্জ।

১১। প্রতিনিধি, পানামা সোনামসজিদ পোর্ট লিংক লিঃ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

১২। সহকারী পরিচালক, সোনামসজিদ স্থলবন্দর, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

**২। কমিটির কর্মপরিধিঃ**

(১) সোনামসজিদ স্থল বন্দরের বিরাজমান সমস্যাদি চিহ্নিতকরণ এবং উহার সমাধানের বিষয়ে সুপরিশ প্রণয়ন;

(২) প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি।

তারিখঃ ০৮ অগ্রহায়ণ ১৪২২/২২ নভেম্বর ২০১৫

নং **১৮.০১৭.০১৮.০০.১৫.০০১.২০১০-৪৯১**—বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের অধীনস্থ BOT ভিত্তিতে পরিচালিত সোনামসজিদ স্থলবন্দরের দৈনন্দিন কার্যক্রমের সময়সীমা নির্ধারণ এবং কাস্টমস্ সংক্রান্ত স্থানীয় জটিলতা নিরসনের লক্ষ্যে নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ

**সভাপতি**

১। কমিশনার অব কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, রাজশাহী

**সদস্যবৃন্দ**

২। যুগ্ম-কাস্টমস্ কমিশনার

৩। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিবগঞ্জ থানা, চাঁপাইনবাবগঞ্জ।

৫। সহকারী পরিচালক, সোনামসজিদ স্থলবন্দর, বাস্তবক

৬। প্রতিনিধি, বিজিবি

৭। প্রতিনিধি, চাঁপাইনবাবগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি।

৮। প্রতিনিধি, আমদানি-রপ্তানিকারক সমিতি, চাঁপাইনবাবগঞ্জ।

৯। সভাপতি, সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন

১০। প্রতিনিধি, চাঁপাইনবাবগঞ্জ জেলা ট্রাক মালিক সমিতি

১১। প্রতিনিধি, পানামা সোনামসজিদ পোর্ট লিংক লিঃ

**২। কমিটির কর্মপরিধিঃ**

(১) ভারতীয় কর্তৃকপক্ষের সাথে আলোচনা করে উভয় দেশের আমদানি-রপ্তানি কার্যক্রমের সুবিধাজনক সময়সীমা নির্ধারণ;

(২) কাস্টমস্ সংক্রান্ত স্থানীয় জটিলতা নিরসনে পদক্ষেপ গ্রহণ;

(৩) উভয় দেশের আমদানি-রপ্তানি কার্যক্রমে বিদ্যমান স্থানীয় অশুল্ক বাধা অপসারণে ভূমিকা পালন।

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২২/০৬ ডিসেম্বর ২০১৫

**নং ১৮.০১৭.০১৮.০০.১৫.০০১.২০১০-৫০১**—বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের অধীনস্থ BOT ভিত্তিতে পরিচালিত সোনামসজিদ স্থলবন্দরের নিয়ন্ত্রণ বহির্ভূত বিভিন্ন সংগঠন কর্তৃক অবৈধ অর্থ আদায় বন্ধ ও বন্দরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার বিষয়ে ও স্থানীয় সমস্যাদি নিরসনকল্পে নিম্নরূপভাবে কমিটি গঠন করা হলো:

**সভাপতি**

১। জেলা প্রশাসক চাঁপাইনবাবগঞ্জ

**সদস্যবৃন্দ**

২। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ

৩। সিও, বিজিবি চাঁপাইনবাবগঞ্জ

৪। যুগ্ম-কমিশনার, কাস্টমস্, রাজশাহী

৫। যুগ্ম-শ্রম পরিচালক, রাজশাহী

৬। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিবগঞ্জ থানা, চাঁপাইনবাবগঞ্জ

৮। সহকারী পরিচালক, বাস্তবক, মোনামসজিদ স্থলবন্দর

৯। সভাপতি, এফবিসিসিআই, চাঁপাইনবাবগঞ্জ।

১০। সভাপতি, আমদানি-রপ্তানি কারকসমিতি, চাঁপাইনবাবগঞ্জ।

১১। সভাপতি, সিএন্ডএফ এজেন্ট, সোনামসজিদ স্থলবন্দর

১২। সভাপতি, ট্রাক মালিক গ্রুপ, চাঁপাইনবাবগঞ্জ।

১৩। শ্রমিক ইউনিয়নের প্রতিনিধি

১৪। প্রতিনিধি, পানামা সোনামসজিদ পোর্ট লিংক লিঃ

**কার্যপরিধি:**

(১) বিভিন্ন সংগঠন কর্তৃক অবৈধ অর্থ আদায় বন্ধের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

(২) বন্দরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নীতিমালা প্রণয়ন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রেজাউল করিম**
উপসচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২২/১০ ডিসেম্বর ২০১৫

**নং ৩৯.০১২.০০২.০২.০১.০১৮.২০১৫-৪৪৩**—২০১৫-২০১৬ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের "গবেষণা মঞ্জুরি" খাতের 'প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে' অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই/নির্বাচন এবং সুপারিশ প্রদানের জন্য জীববিদ্যা, চিকিৎসাবিদ্যা ও পুষ্টিবিদ্যা বিষয়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো।

**আহ্বায়ক**

(১) অধ্যাপক ড. নিলুফার নাহার, রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) অধ্যাপক ড. নাজমা শাহীন, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৩) উপ-বৈজ্ঞানিক উপদেষ্টা (যুগ্ম-সচিব), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৪) ড. শাহিনা ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, মিরপুর রোড, ধানমন্ডি, ঢাকা।

**সদস্য-সচিব**

(৫) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, শাখা-১২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**নং ৩৯.০১২.০০২.০২.০১.০১৮.২০১৫-৪৪৪**—২০১৫-২০১৬ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের "গবেষণা মঞ্জুরি" খাতের 'প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে' অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই/নির্বাচন এবং সুপারিশ প্রদানের জন্য এপ্লাইড সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো।

**আহ্বায়ক**

(১) অধ্যাপক ড. মোঃ সেকুল ইসলাম, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) অধ্যাপক ড. মোঃ মোসলেম আলী, কম্পিউটার সায়েন্স এন্ড ম্যাথমেটিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

(৩) উপ-বৈজ্ঞানিক উপদেষ্টা (যুগ্ম-সচিব), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

(৪) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, শাখা-১২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**নং ৩৯.০১২.০০২.০২.০১.০১৮.২০১৫-৪৪৫**—২০১৫-২০১৬ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের "গবেষণা মঞ্জুরি" খাতের 'প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে' অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই/নির্বাচন এবং সুপারিশ প্রদানের জন্য **ফিজিক্যাল সায়েন্স** বিষয়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো।

**আহ্বায়ক**

(১) অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্য, ফলিত পদার্থ বিজ্ঞান, ইলেকট্রনিক্স কমিউনিকেশন এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) অধ্যাপক ড. মোঃ আবদুর রশিদ সরকার, যন্ত্রকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৩) উপ-বৈজ্ঞানিক উপদেষ্টা (যুগ্ম-সচিব), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

(৪) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, শাখা-১২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**নং ৩৯.০১২.০০২.০২.০১.০১৮.২০১৫-৪৪৬**—২০১৫-২০১৬ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের "গবেষণা মঞ্জুরি" খাতের 'প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে' অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই/নির্বাচন এবং সুপারিশ প্রদানের জন্য **এগ্রিকালচার এন্ড এনভায়রনমেন্ট** বিষয়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো।

**আহ্বায়ক**

(১) অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ, এগ্রিকালচারাল বোটানী বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) অধ্যাপক ড. নিশীথ কুমার পাল, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।

(৩) উপ-বৈজ্ঞানিক উপদেষ্টা (যুগ্ম-সচিব), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

(৪) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, শাখা-১২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**মোঃ সিদ্দিকুর রহমান**
সহকারী সচিব।

---

## সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
## সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
## তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪২২/০৬ ডিসেম্বর ২০১৫

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৩.১৫-৩৭২**—জনাব মোঃ তোফাজ্জল হক (পরিচিতি নম্বর ০০১০১৫), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃ দাঃ), যান্ত্রিক জোন, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা সারাদেশের সকল ধরনের যানবাহন ও যন্ত্রপাতি সংগ্রহ, মেরামত, সংরক্ষণ এবং যান্ত্রিক জোনের অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণের কার্যক্রম তদারকি এবং নিয়ন্ত্রণের দায়িত্বে নিয়োজিত রয়েছেন; এবং

যেহেতু গত ১০ ও ১১ জুলাই ২০১৫ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের যুগ্ম-সচিব (উন্নয়ন) জনাব মোঃ আলাউদ্দিন ফকির কর্তৃক সাতক্ষীরা ও খুলনা বিভাগের কার্যক্রম সরজমিনে পরিদর্শনকালে সাতক্ষীরা জেলার আশাসুনি উপজেলার খোলাপেটুয়া নদীর উপর মানিকখালী ফেরী ঘাটে ১টি ফেরী চালু অবস্থায় এবং ৩টি ফেরী ক্ষতিগ্রস্ত অবস্থায় নদীর তীরে পড়ে থাকতে দেখেন। একইসাথে খুলনা সড়ক বিভাগের স্টেকইয়ার্ড ও ওয়ার্কশপ পরিদর্শনকালে ২টি মিনি Hot Mix Plant স্টেকইয়ার্ডে পড়ে থাকতে দেখেন। ওয়ার্কসপ পরিদর্শনকালে সেখানে বিভিন্ন ধরণের রোলার এবং অকেজো গাড়ীও দেখতে পান; এবং

যেহেতু পরিদর্শনকালে নির্বাহী প্রকৌশলী, ফেরী বিভাগ, খুলনা এবং উপ-বিভাগীয় প্রকৌশলী, ফেরী উপ-বিভাগ, খুলনাকে অফিসে উপস্থিত পাওয়া যায়নি; এবং

যেহেতু যুগ্ম-সচিব (উন্নয়ন) পরিদর্শনকালে যান্ত্রিক জোনের কোন কর্মকর্তাকে উপস্থিত না পেয়ে তাঁর সাথে টেলিফোনে যোগাযোগ করে Hot Mix Plant ২টি সচল/অচল বা এ বিষয়ে কোন কার্যক্রম চলছে কিনা জানতে চাইলে আপনি ফেরী, যন্ত্রপাতি, মালামালের হালনাগাদ অবস্থা সম্পর্কে কোন তথ্য প্রদান করতে পারেননি। উপরন্ত তাঁর সাথে অসৌজন্যমূলক আচরণ করে টেলিফোন সংযোগ বিচ্ছিন্ন করে দেন; এবং

যেহেতু একদিকে মাঠ পর্যায়ে যন্ত্রপাতি ও যানবাহন ভাড়া নিয়ে রাস্তার জরুরী মেরামত কাজ করা হচ্ছে, অন্যদিতে আপনার উদাসীনতা ও অদক্ষতার কারণে সরকারের কোটি কোটি টাকা ব্যয়ে সংগৃহীত যন্ত্রপাতি/যানবাহন/ফেরী সামান্য মেরামত ও রক্ষণাবেক্ষণের অভাবে পড়ে পড়ে নষ্ট হয়ে যাচ্ছে; এবং

যেহেতু, সড়ক ও জনপথ অধিদপ্তরের যান্ত্রিক উইং এর আওতাধীন যন্ত্রপাতি ও যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ করে কার্যকর করার জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মাসিক সমন্বয় সভা হতে তাঁকে ১৪.০১.২০১৫,১১.০২.২০১৫, ১১. ০৩.২০১৫ এবং ১২-০৮-২০১৫ তারিখ নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়া দীর্ঘদিন যাবত অকেজো অবস্থায় পড়ে থাকা ১৯টি Mini Hot Mix Plant এবং Baby Roller মেরামত করে কার্যকর না করার কারণে গত ০৭-০৭-২০১৫ তারিখে তাঁকে কারণ দর্শানো হয়; এবং

যেহেতু তিনি যান্ত্রিক জোনের দায়িত্বপ্রাপ্ত প্রধান কর্মকর্তা হওয়া সত্ত্বেও বিপুল পরিমাণ সরকারি অর্থে সংগৃহীত যন্ত্রপাতি, যানবাহন ও ফেরী সম্পর্কে অবহিত না থাকা, যন্ত্রপাতি ও ফেরী যত্রতত্র ফেলে রাখা, যথাযথভাবে সংরক্ষণ ও যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ না করা, অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণের ঈদের পূর্ব মুহূর্তে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করতে ব্যর্থ হওয়া তাঁর স্বীয় দায়িত্বের প্রতি চরম অবহেলা ও অদক্ষতার পর্যায়ভুক্ত এবং টেলিফোন আলাপকালীন আচরণ শিষ্টাচার বহির্ভূত; এবং

যেহেতু তাঁর উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ হওয়ায় বিভাগীয় মামলা নম্বর ২৮/২০১৫ রুজু করা হয়; এবং

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাব উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু তিনি গত ১১-১০-২০১৫ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ০৫-১১-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীর সময় প্রদত্ত জবানবন্দি এবং দলিল দস্তাবেজ পর্যালোচনায় দেখা যায়, যে গত ০৫-১১-২০১৫ তারিখ ব্যক্তিগত শুনানী প্রদানের তারিখে ৫২টি বেবি রোলার এবং ২০টি Hot Mix Plant মেরামত করা হয়েছে। আরো ১৪টি বেবি রোলার মেরামতাধীন আছে। কাজেই প্রতীয়মান হয় যে সরকারি নির্দেশনা পালনে যথেষ্ট তৎপর ছিলেন। তাছাড়া, টেলিফোনে আলাপকালে সৃষ্ট ভুল বুঝাবুঝির জন্য তিনি সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট ক্ষমা প্রার্থনা করেছেন। এ প্রেক্ষাপটে উত্থাপিত অভিযোগ হতে জনাব মোঃ তোফাজ্জেল হক-কে দায়-মুক্ত দেয়া যায়; এবং

এক্ষণে, সার্বিক পরিস্থিতি ও প্রেক্ষাপট বিবেচনায় জনাব মোঃ তোফাজ্জেল হক (পরিচিতি নম্বর ০০১০১৫), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃ দাঃ), যান্ত্রিক জোন, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা-কে বিভাগীয় মামলা নম্বর ২৮/২০১৫ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**আদেশ**

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২২/২৪ নভেম্বর ২০১৫

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-২০/২০১৫-২৪৩**—যেহেতু, জনাব মোঃ অহিদুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, সদর, কুষ্টিয়া)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপবিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে গত ০১ সেপ্টেম্বর, ২০১৫ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-২০/২০১৫-১৯৭ নং স্মারকে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা চলার মত উপযুক্ত ভিত্তি নেই;

সেহেতু, জনাব মোঃ অহিদুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, সদর, কুষ্টিয়া)-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপবিধি মোতাবেক উক্ত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

**মেছবাহ উল আলম**
সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(উপজেলা-২ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২২/০৭ ডিসেম্বর ২০১৫

**নং ৪৬.০৪৫.০২৭.০৮.৭১.০৭১.২০১৫-১১৬২**—যেহেতু, জনাব মোঃ তমিজ উদ্দিন, চেয়ারম্যান, ধামরাই উপজেলা পরিষদ, ঢাকা-এর বিরুদ্ধে দায়েরকৃত ধামরাই থানার ১১-০১-২০১৫ তারিখের মামলা নং ০৯ (০১) ২০১৫ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ তমিজ উদ্দিন, চেয়ারম্যান, ধামরাই উপজেলা পরিষদ, ঢাকা-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে ঢাকা জেলার ধামরাই উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ তমিজ উদ্দিনকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

**ড. জুলিয়া মঈন**
সিনিয়র সহকারী সচিব।

---

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে]**

**চলচ্চিত্র অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ পৌষ ১৪২২/4 জানুয়ারি ২০১৬

**নং ১৫.০০.০০০০.০২৭.২৭.০০১.১২(অংশ-২)/০৬**—মিসেস শামীমা আক্তার, প্রযোজক, এম এ মাল্টিমিডিয়া হাউজ, ৭৩, কাকরাইল, ইস্টার্ণ কমার্শিয়াল কমপ্লেক্স, ঢাকা প্রযোজিত **"রানা প্লাজা"** নামক পূর্ণদৈর্ঘ্য বাংলা (ডিজিটাল) চলচ্চিত্র "বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর আপিল কমিটি" কর্তৃক জনসম্মুখে প্রদর্শনের উপযোগী নয় মর্মে বিবেচিত হওয়ায় The Censorship of Films Act, ১৯৬৩ এর 4B ধারা মোতাবেক সমগ্র বাংলাদেশে চলচ্চিত্রটি সেন্সর সনদবিহীন ঘোষণা করা হলো।

২। সেন্সর সনদপত্রবিহীন **"রানা প্লাজা"** নামক চলচ্চিত্রটি দেশের কোথাও প্রদর্শিত হলে ছবি বাজেয়াপ্তসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি. এন. নজমুল হোসেন খান**
উপসচিব।